



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৪/২০২০/১১৮

তারিখ: ১০/০৭/২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ছুঁগিত (Withheld), ক্রস (X) এবং অনুপস্থিত (Abst.) আকারে প্রকাশিত ফলাফলের সংশোধিত ফল প্রকাশের জন্য আবেদন দাখিল প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফলে কোনো প্রতিষ্ঠানের এক/একাধিক পরীক্ষার্থীর পরীক্ষার ফল ছুঁগিত (Withheld), ক্রস (X) এবং অনুপস্থিত (Abst.) আকারে প্রকাশিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আগামী ১৩/০৭/২০২৫ তারিখ হতে ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সংশোধিত ফল প্রকাশের জন্য প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ সশরীরে উপস্থিত হয়ে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ০১। স্মারক নং ও তারিখসহ প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র (মোবাইল নম্বরসহ);
- ০২। পরীক্ষার্থী কর্তৃক লিখিত আবেদনপত্র;
- ০৩। পরীক্ষার্থীর হাজিরাপত্র ও ব্যবহারিক নম্বরপত্রের ফটোকপি;
- ০৪। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
- ০৫। প্রবেশ পত্রের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
- ০৬। প্রকাশিত ফলাফলের অনলাইন থেকে সংগৃহীত হার্ডকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

প্রয়োজনীয় কাগজপত্রসহ ০২ (দুই) সেট আবেদন প্রস্তুত করে শিক্ষা বোর্ডের খাগডহরস্থ ২নং ভবনের তৃতীয় তলায় জনাব সৈয়দ মাহবুবুল ইসলাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট যথাসময়ে হাতে হাতে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখের পর এ সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

প্রাপক
প্রধান শিক্ষক/অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন
মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।


(প্রফেসর সৈয়দ আজহারুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২
ই-মেইল : conbisemym@gmail.com